দৈনিক ইনকিলাব

তারিখ ... 23 JUL 1998 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6 ......

প্রকৌশল বিশ্ববিদ্যালয়

# স্থাপত্য বিভাগের সংকটের এখনো কোন সুরাহা হয়নি

**বুয়েট রিপোর্টার ঃ** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের সংকটের এখনও কোন সুরাহা হয়নি। ঐ বিভাগের ছাত্রছাত্রীরা গত মার্চ মাস থেকে তাদের অবিরাম ক্লাসবর্জন কর্মসূচী পালন করে আসছে। বিশ্বকাপের জন্য অনির্ধারিত ছুটি শেষে গত ১৪ জুলাই বুয়েটে নতুন করে ক্লাস শুরু হলেও স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা গতকাল পর্যন্ত ক্লাসে যোগদান করেনি। ঐ বিভাগের পদত্যাগী ১৩ জন শিক্ষককে চাকরিতে পুনর্বহাল না করা পর্যন্ত তারা ক্লাসে যোগদান থেকে বিরত থাকবে বলে ঘোষণা করেছে। অন্যদিকে অভিভাবকবৃন্দ ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ নিয়ে তীব্র উদ্বেগ ও উৎকণ্ঠা প্রকাশ করেছেন। গতকাল (বুধবার) স্থাপত্য বিভাগের বেশ ক'জন ছাত্রছাত্রীর অভিভাবক ভিসি ডঃ ইকবাল মাহমুদের সাথে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন। তারা চলমান পরিস্থিতিতে তাদের উদ্বেগের কথা ভিসির কাছে ব্যক্ত করেন। তারা অবিলম্বে সংকট দূর করে ছাত্রছাত্রীদের ক্লাস শুরু করার জন্য ভিসিকে অনুরোধ করেন।

এদিকে পদত্যাগী ১৩ জন শিক্ষকের মধ্যে বুয়েট কোয়ার্টারে বসবাসকারী ৩ জন শিক্ষকের কাছে বাসা ছেড়ে দেবার জন্য নোটিশ দেয়া হলেও গতকাল পর্যন্ত তারা বাসা ছাড়েননি বলে জানা গেছে।

সংশ্লিষ্ট শিক্ষকরা অবশ্য এই নোটিশে হতবাক হয়েছেন বলে জানিয়েছেন। কর্তৃপক্ষ নিয়মানুযায়ী এক মাসের মধ্যে বাসা ছেড়ে না দেয়ায় তাদের কাছে এই নোটিশ পাঠিয়েছেন।